গ্রহণ নং ২৯০১
তারিখ ১২/১২/২৪
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

মহান বিজয় দিবস, ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি মহাপরিচালক (গ্রেড-১), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সভার তারিখ ও সময়	:	১০ ডিসেম্বর, ২০২৪, বিকাল- ৪.০০ ঘটিকা
সভার স্থান	:	অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২)
সভায় উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট-ক

সভাপতি সভার প্রারম্ভে তিনি মহান মুক্তিযুদ্ধে শহীদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং মহান বিজয় দিবস, ২০২৪ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি অনুযায়ী আগামী ১৬ ডিসেম্বর, ২০২৪ তারিখ রোজ সোমবার যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের উপর গুরুত্বারোপ করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অধিদপ্তর সংশ্লিষ্ট নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্র:	তারিখ/সময়	কর্মসূচি	সিদ্ধান্ত	অধিদপ্তরের বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	১৬-১২-২০২৪ (সূর্যোদয়ের সাথে সাথে)	সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে "দি ফ্ল্যাগ রুলস" ১৯৭২ অনুসরণপূর্বক পতাকা উত্তোলন	১৬ ডিসেম্বর, ২০২৪ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধীন সকল অফিসে "দি ফ্ল্যাগ রুলস" ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। কোনভাবেই ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না	পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, ঢাকা/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/জেলা কার্যালয়/মেট্রো: কার্যালয় (সকল)/টেকনাফ বিশেষ জোন
৩.২	১৫ - ১৭ ডিসেম্বর, ২০২৪	গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/সোহরাওয়াদী উদ্যান/মুক্তিযুদ্ধ বিষয়ক স্থাপনাসমূহে আলোকসজ্জা (পরিস্থিতি বিবেচনায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা)	১৫ ডিসেম্বর, ২০২৪ তারিখ সন্ধ্যার পর হতে ১৭ ডিসেম্বর, ২০২৪ তারিখ বিকাল পর্যন্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ অধীন সকল কার্যালয়ে আলোকসজ্জা করতে হবে।	পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, ঢাকা/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/জেলা কার্যালয়/মেট্রো: কার্যালয় (সকল)/টেকনাফ বিশেষ জোন
৩.৩	১৬-১২-২০২৪	দেশের হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, ডে কেয়ার সেন্টার, শিশু বিকাশ কেন্দ্র এবং শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার সরবরাহ	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাধীন সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসহ সকল বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)

ক্র:	তারিখ/সময়	সিদ্ধান্ত	অধিদপ্তরের বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
বিবিধ সিদ্ধান্ত:		ক) মহান বিজয় দিবসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ আওতাধীন সকল কার্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে	পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, ঢাকা/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/জেলা কার্যালয়/ মেট্রো: কার্যালয় (সকল)/টেকনাফ বিশেষ জোন
		খ) মহান বিজয় দিবস, ২০২৪ উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে এবং ঢাকাস্থ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের (ঢাকা জেলা ব্যতীত) কর্মসূচি প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হবে	পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, ঢাকা/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/জেলা কার্যালয়/মেট্রো: কার্যালয় (সকল)/টেকনাফ বিশেষ জোন

৩। সভাপতি বলেন যে, মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ থেকে নির্দেশনা পাওয়া গেলে সেটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরবর্তীতে জানানো হবে।

৪। তিনি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কর্মসূচিগুলো নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করেন।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/১২/২৪

(খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)

নং-৫৮.০২.০০০০.০০৬.০০.০১৪.১৬(খন্ড-১)-৪৪৪৮

২৬ অগ্রহায়ণ, ১৪৩১
তারিখঃ ---------------------
১১ ডিসেম্বর, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)

২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা

৪। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ৪৪১, তেজগাঁও শি/এ, ঢাকা

৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর / ময়মনসিংহ/গোয়েন্দাশাখা

৬। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা

৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

৮। উপপরিচালক (........................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/ জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,..

৯। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১০। সহকারী পরিচালক (........................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.......................

১১। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১২। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩। অফিস কপি

11/12/2024
(মো: মেহেদী হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন)